

আমার মতুয়া প্রাণের ভাই ।

আয় না সবাই মিলে, হরি বলে,

নেচে গেয়ে প্রাণ জুড়াই ।

এ প্রাণ উঠল রে কেঁদে, রাখতে পারি না বেঙ্গে,

আয় না হরিচাঁদের গুণ গাই ॥

১। ও ভাই তোমরা আমার বন্ধুজন,

নিয়ে টেনে করাও সনে মধুর হরি সংকীর্তন ।

আমি লইলেম্ শরণ হরি ভক্তের চরণ,

ভবে আর ত কেহ বন্ধু নাই ॥

২। ও ভাই ঘৃণা ক'রে অন্তরে, অভাগারে অনাদরে,

ফেলে দিও না দূরে ।

নামে জয়ডঙ্কা মেরে, ধ্বনি উঠাও এক সুরে,

আয় না দ্বেষাদ্বেষি ভুলে যাই ॥

৩। অধম রসিক বলে সাধু ভাই,

তোমরা আমরা যেন যুগে যুগে হরি-গুণ গাই ।

নামে ভবের দায় এড়াই,

যা'তে হাতে মোক্ষ পাই,

হরিনামের সমান কিছুই নাই ॥

—রসিক বালা



আর কতকাল রবি' রে মন অন্ধ ।

দেখে' শুনে হ'ল নারে, গেল না তোর সন্দ ॥